

পশ্চিমবঙ্গ সরকার  
পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগ  
৬৩, নেতাজী সুভাষ রোড, কলকাতা- ৭০০ ০০১

আদেশনামা

নং-১৭৮০/পি. এন./ও/এক/৩-সি--৪/৯৬(অংশ-১)

তারিখ : ৪ঠা মে, ২০০৫

যেহেতু সংশোধন উত্তর পশ্চিমবঙ্গ পঞ্চায়েত আইন, ১৯৭৩ (১৯৭৩-এর পশ্চিমবঙ্গ আইন নং- ৪১)-এর ১৬-ক ধারার (৬) উপধারার (খ) প্রকরণ অনুযায়ী কোন গ্রাম সংসদ গ্রাম পঞ্চায়েতকে দারিদ্র দূরীকরণের লক্ষ্যে নানা প্রকার গ্রামোন্নয়ন কর্মসূচীতে উপকৃতদের (বেনিফিসিয়ারীদের) চিহ্নিতকরণের জন্য অথবা ঐ নীতিসমূহ নিরূপন করার জন্য পরামর্শ দান করতে বাধ্য থাকবেন,

এবং যেহেতু ইতোমধ্যে সরকারের নজরে এসেছে যে বিভিন্ন কার্যক্রম ও প্রকল্পের সহায়তার জন্য উপকৃতদের (বেনিফিসিয়ারীদের) নাম যথাযথভাবে গ্রাম সংসদ কর্তৃক অনুমোদিত হচ্ছে না,

এবং যেহেতু বিভিন্ন কার্যক্রম ও প্রকল্পের উপকৃতদের (বেনিফিসিয়ারীদের) চিহ্নিতকরণের জন্য গ্রাম সংসদের অনুমোদন একান্ত জরুরী,

অতএব, পশ্চিমবঙ্গ পঞ্চায়েত আইন, ১৯৭৩ (১৯৭৩-এর পশ্চিমবঙ্গ পঞ্চায়েত আইন নং-৪১)-এর ১৬-ক (৬) (খ) ধারা ও উক্ত আইনের ২১২ ধারা বলে রাজ্যপাল নির্দেশ দিচ্ছেন যে, সমাজের দারিদ্রসীমার নীচে বসবাসকারী মানুষদের ব্যক্তিগত বা পারিবারিক সহায়তার জন্য যে সকল প্রকল্প চালু আছে যেমন জাতীয় বার্ষিক্যভাতা প্রকল্প, অন্ত্যদয় অন্ন যোজনা, অন্নপূর্ণা যোজনা, ইন্দিরা আবাস যোজনা এবং অনুরূপ প্রকল্প বা কর্মসূচীতে উপকৃত ব্যক্তিদের (বেনিফিসিয়ারীদের) নাম গ্রাম সংসদ সভায় অবশ্যই চিহ্নিত ও অনুমোদিত হবে। কোন কারণে গ্রাম সংসদের বার্ষিক ও ষান্মাসিক সভায় উপকৃত ব্যক্তিদের (বেনিফিসিয়ারীদের) নাম চিহ্নিতকরণ ও অনুমোদন করা সম্ভব না হলে বিশেষ গ্রামসংসদ সভা আহ্বান করে তা অনুমোদন করতে হবে। গ্রাম সংসদের সভায় উপকৃতদের (বেনিফিসিয়ারীদের) নাম অনুমোদিত না হয়ে থাকলে কোন ক্ষেত্রেই তা গ্রাহ্য করা যাবে না। যদি অনিবার্য কারণবশতঃ কোনভাবেই গ্রাম সংসদের সভায় ঐ প্রকার অনুমোদন না করা যায় তবে যথাযথ কারণ দর্শিয়ে পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তরকে জানাতে হবে এবং ঐ দপ্তর আইন অনুযায়ী ঐ বিষয়ে যথাবিহিত ব্যবস্থা গ্রহণ করতে নির্দেশ দেবে।

রাজ্যপালের আদেশানুসারে,  
স্বাঃ/-মানবেন্দ্র নাথ রায়  
সচিব, পশ্চিমবঙ্গ সরকার

নং১৭৮০/১(৪০০০).. পি. এন./ও/এক/৩-সি--৪/৯৬(অংশ-১)

তারিখ : ৪ঠা মে, ২০০৫

জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রতিলিপি প্রেরিত হল--

- ১। সভাপতি, ..... জিলা পরিষদ,
- ২। ..... বিভাগ, পশ্চিমবঙ্গ সরকার।
- ৩। বিভাগীয় কমিশনার, ..... বিভাগ।
- ৪। কমিশনার, পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন, পশ্চিমবঙ্গ।
- ৫। অধিকর্তা, পশ্চিমবঙ্গ রাজ্য পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন সংস্থা, কল্যাণী, নদীয়া।
- ৬। জেলা শাসক, ..... জেলা।
- ৭। অতিরিক্ত নির্বাহী আধিকারিক, ..... জিলা পরিষদ।
- ৮। জেলা পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন আধিকারিক  
৯, ১০, ১১ ও ১২-নং অংশের জন্য প্রয়োজনীয় প্রতিলিপি বিতরণের জন্য তাঁক কাছে পাঠানো হল।
- ৯। মহকুমা শাসক, ..... মহকুমা।
- ১০। সভাপতি, ..... পঞ্চায়েত সমিতি, ..... জেলা,
- ১১। ব্লক উন্নয়ন আধিকারিক ও নির্বাহী আধিকারিক, ..... পঞ্চায়েত সমিতি
- ১২। প্রধান, ..... গ্রাম পঞ্চায়েত
- ১৩। ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয়ের একান্ত সচিব।
- ১৪। বিভাগীয় সংশ্লিষ্ট সমস্ত সেল।

স্বাঃ/-  
বিশেষ ভারপ্রাপ্ত আধিকারিক ও  
পদাধিকারবলে উপ-সচিব